# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬২

১/ বিবিধ

আরবী

أهل بيتي كالنجوم، بأيهم اقتديتم اهتديتم
موضوع

وهو في نسخة أحمد بن نبيط الكذاب، وقد وقفت عليها، وهي من رواية أبي نعيم الأصبهاني قال: حدثنا أبو الحسن أحمد بن القاسم بن الريان المصري المعروف باللكي - بالبصرة في نهر دبيس قراءة عليه في صفر سنة سبع وخمسين وثلاث مئة فأقر به قال - أنبأنا أحمد بن إسحاق بن إبراهيم بن نبيط بن شريط أبو جعفر الأشجعي بمصر - سنة اثنتين وسبعين ومئتين قال - حدثني أبي إسحاق بن إبراهيم ابن نبيط، قال: حدثني أبي إبراهيم بن نبيط عن جده نبيط بن شريط مرفوعا
قلت: فذكر أحاديث كثيرة هذا منها (ق 158 / 2) ، وقد قال الذهبي في هذه النسخة:
فيها بلايا! وأحمد بن إسحاق لا يحل الاحتجاج به فإنه كذاب
وأقره الحافظ في اللسان
قلت: والراوي عنه أحمد بن القاسم اللكي ضعيف
والحديث أورده ابن عراق في " تنزيه الشريعة " (2 / 419) تبعا لأصله " ذيل الأحاديث الموضوعة " للسيوطي (ص 201) وكذا الشوكاني في " الفوائد المجموعة في الأحاديث الموضوعة (ص 144) نقلا عن " المختصر " لكن وقع فيه نسخة نبيط الكذاب فكأنه سقط من النسخة لفظة (ابن) وهو أحمد بن إسحاق نسب إلى جده

وإلا فإن نبيطا صحابي

বাংলা

৬২। আমার পরিবারের সদস্যগণ নক্ষত্রতুল্য, তোমরা তাদের যে কোন জনকে অনুসরণ করলে সঠিক পথ লাভ করবে।

হাদীসটি জাল।

এটি মিথ্যুক আহমাদ ইবনু নুবায়েতের কপিতে রয়েছে। আমি অবহিত হয়েছি যে, এ বর্ণনাটি আবূ নু’য়াইম আসবাহানীর। তার সনদে আহমাদ ইবনু কাসিম আল-মিসরী আল-লোকাঈ এবং আহমাদ ইবনু ইসহাক ইবনে ইবরাহীম আল-আশযাঈ রয়েছেন।

আমি (আলবানী) বলছিঃ এ আহমাদ উক্ত কপিতে বহু হাদীস বর্ণনা করেছেন, এটি সেগুলোর একটি।

যাহাবী এ কপি সম্পর্কে বলেনঃ

فيها بلايا! وأحمد بن إسحاق لا يحل الاحتجاج به فإنه كذاب

তাতে বহু সমস্যা রয়েছে! আহমাদ ইবনু ইসহাক দ্বারা দলীল গ্রহণ করা বৈধ নয়, কারণ তিনি একজন মিথ্যুক।’

হাফিয ইবনু হাজার “আল-লিসান” গ্রন্থে যাহাবীর কথাকে সমর্থন করেছেন।

আমি (আলবানী) বলছিঃ আহমাদ ইবনু ইসহাক হতে বর্ণনাকারী অপর ব্যক্তি আহমাদ ইবনু কাসেম লোকাঈ দুর্বল।

ইবনু আররাক হাদিসটি সুয়ূতির "যায়লুল আহাদিসীল মাওযূ’আহ" গ্রন্থের (পৃঃ ২০১) অনুসরণ করে “তানখীহুশ শারীয়াহ" গ্রন্থে (২/৪১৯) উল্লেখ করেছেন। এছাড়া শাওকানীও “ফাওয়াইদুল মাযমূয়াহ ফিল আহাদীসিল মাওযুআহ” গ্রন্থে (পৃঃ ১৪৪) উল্লেখ করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5323

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন